



জগন্নাথ বিশ্ববিদ্যালয়  
Jagannath University

ইতিহাস বিভাগের উদ্যোগে আন্তর্জাতিক কনফারেন্স অনুষ্ঠিত



২৮ এপ্রিল-২০১৯, রবিবার সকাল ১১টায় ইতিহাস বিভাগের উদ্যোগে 'আজাদ হিন্দের প্রদেশিক সরকার প্রতিষ্ঠার ৭৫ বছর স্মরণ (The remembrance of 75 years of the establishment of Provincial Government of Azad Hind)' বিষয়ক আন্তর্জাতিক কনফারেন্স বিশ্ববিদ্যালয়ের কম্পিউটার সায়েন্স এন্ড ইঞ্জিনিয়ারিং বিভাগের ভার্চুয়াল কাস রুমে অনুষ্ঠিত হয়।

ইতিহাস বিভাগের চেয়ারম্যান অধ্যাপক ড. মোছাঃ খোদেজা খাতুন এর সভাপতিত্বে কনফারেন্সে মূল প্রবন্ধ উপস্থাপন করেন ভারতের কলকাতার 'মওলানা আবুল কালাম আজাদ ইনস্টিটিউট অব এশিয়ান স্টাডিজ' এর চেয়ারম্যান অধ্যাপক সুজিত কে. ঘোষ (Professor Sujit K. Ghosh) এবং এর পরিচালক ড. মানদয়াত শশীকুমার (Dr. Mundayat Sasikumar)।

অনুষ্ঠানে স্বাগত বক্তব্য দেন জগন্নাথ বিশ্ববিদ্যালয়ের কলা অনুষদের প্রাক্তন ডিন অধ্যাপক ড. মোহাম্মাদ সেলিম। এসময় ইতিহাস বিভাগের শিক্ষক ও শিক্ষার্থীবৃন্দ উপস্থিত ছিলেন।

আন্তর্জাতিক কনফারেন্স শেষে অধ্যাপক সুজিত কে. ঘোষ এবং ড. মানদয়াত শশীকুমার উপাচার্য অধ্যাপক ড. মীজানুর রহমান এর সাথে তাঁর



কার্যালয়ে সৌজন্য সাক্ষাৎ করেন। এসময় ইতিহাস বিভাগের চেয়ারম্যান অধ্যাপক ড. মোছাঃ খোদেজা খাতুন, অধ্যাপক ড. মোহাম্মাদ সেলিম ও অন্যান্য শিক্ষকবৃন্দ উপস্থিত ছিলেন।